

ডিসিসিআই/এস্টেট/ফা.হা.সি/২০২৫/২৯৯

ফেব্রুয়ারি ১৬, ২০২৫

### টেন্ডার বিজ্ঞপ্তি

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এর অফিস প্রাঙ্গণে অগ্নি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নিচ তলা থেকে ১২ তলা পর্যন্ত ফায়ার হাইড্রেন্ট সিস্টেমের জন্য ১২ (বারো) পিস নজেল ও ভালব সহ হোস পাইপ সরবরাহ ও সংযোজনের কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে নির্ভরযোগ্য ও অভিজ্ঞ সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে দরপত্র আহ্বান করা হচ্ছে।

দরপত্র সংক্রান্ত তথ্য:

- কাজের প্রকৃতি: ফায়ার হাইড্রেন্ট সিস্টেমের জন্য ১২ পিস হোস পাইপ, ভালব ও নজেল সরবরাহ, সংযোজন ও কার্যকারিতা নিশ্চিতকরণ।
- পাইপের গুণগত মান: আন্তর্জাতিক মানসম্পন্ন ও টেকসই উপাদানে তৈরি হতে হবে। দরপত্রের সাথে প্রোডাক্টের গ্রহণযোগ্য নমুনা/কেটালগ/স্পেসিফিকেশন সহ বিস্তারিত বিবরণ জমা দিতে হবে।
- সংযোজন ও পরীক্ষা: পাইপ ও নজেল সংযোজনের পর পুরো সিস্টেমের কার্যকারিতা পরীক্ষা করতে হবে।
- কাজ সম্পাদনের সময়সীমা: কার্যাদেশ প্রাপ্তির পর ১০ কর্মদিবসের মধ্যে কাজ সম্পন্ন করতে হবে।
- দর জমাদানের শেষ তারিখ: ১ মার্চ ২০২৫
- দরপত্র খোলার তারিখ: ২ মার্চ ২০২৫
- দরপত্র দাখিলের স্থান: ৫ম তলা, ঢাকা চেম্বার বিল্ডিং, ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা ১০০০।

দরপত্র আহ্বানের শর্তাবলি:

- i. অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের অবশ্যই ফায়ার সেফটি ইকুইপমেন্ট সরবরাহ ও সংযোজনের অভিজ্ঞতা থাকতে হবে এবং সংশ্লিষ্ট কাজের ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতার প্রমাণপত্র জমা দিতে হবে।
- ii. ট্রেড লাইসেন্স সার্টিফিকেটসহ প্রয়োজনীয় অন্যান্য বৈধ হালনাগাদ নথিপত্র জমা দিতে হবে।
- iii. সরে জমিন পরিদর্শন ও পরীক্ষণ পূর্বক যা যা দরকার তা দরপত্রে উল্লেখ করতে হবে।
- iv. কর্তৃপক্ষ কোনো কারন দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে এবং এ সংক্রান্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- v. কাজ সুসম্পন্ন হওয়ার পর ঠিকাদারকে বিল জমা দিতে হবে যা সরকারী নিয়ম অনুযায়ী ভ্যাট-ট্যাক্স কর্তন পূর্বক চেক/বিএফটিএন এর মাধ্যমে পরিশোধ করা হবে।
- vi. ঠিকাদারকে অবশ্যই সংযোজনকৃত প্রোডাক্টের এক বছরের ওয়ারেন্টি দিতে হবে।

যোগ্য এবং আগ্রহী সরবরাহকারীগণ নির্ধারিত সময়সীমার মধ্যে দরপত্র জমাদানের জন্য অনুরোধ করা হচ্ছে। অসম্পূর্ণ কিংবা বিলম্বে প্রাপ্ত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ড. এ কে এম আসাদুজ্জামান পাটোয়ারী

মহাসচিব (ভারপ্রাপ্ত)